

স্মারক নং: ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২০২২

তারিখঃ ১৯ শে শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২১-২০২২ অর্থ-বছরে মৌলিক গবেষণাকর্মে সহায়তাদানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে কমিশনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

- (ক) আবেদনকারীকে অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে হবে;
- (খ) পিএইচডি ডিগ্রিধারী প্রভাষক এবং সহকারী অধ্যাপক থেকে অধ্যাপকগণ আবেদন করতে পারবেন;
- (গ) মঞ্জুরী কমিশনের অর্থায়নে প্রকল্প চলমান থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
- (ঘ) একই প্রকল্প প্রস্তাব একাধিক ক্যাটাগরিতে দাখিল করা যাবে না;
- (ঙ) গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে নীতিমালায় উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- (চ) আবেদনকারীকে আবশ্যিকভাবে ফরম পূরণপূর্বক তাঁর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, বিগত ০৫ (পাঁচ) বছরে সম্পাদিত গবেষণা প্রকল্প/প্রকাশনার তালিকা এবং আবেদনকৃত গবেষণা প্রকল্পের i. Project Title ii. Objectives iii. Methodology iv. Expected outcomes- উল্লেখপূর্বক সর্বোচ্চ ৩০০ শব্দের মধ্যে একটি Top Sheet স্ব-স্ব বিশ্ববিদ্যালয় কর্তৃক Non Plagiarism Checking সার্টিফিকেটসহ প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে;
- (ছ) কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা/প্রশাসন শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা এবং বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;
- (জ) প্রকল্প প্রস্তাবের ৪ (চার) কপি (হার্ড কপি) মধ্যে প্রকল্প পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের নাম ঠিকানা ব্যতীত ০৩ (তিন কপি) এবং ০১ (এক) কপি বিভাগীয় প্রধান/ইনস্টিটিউট প্রধান/অনুষদের ডিন এর দ্বারা অনুমোদিত হওয়ার পর রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ৩১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;
- (ঝ) প্রকল্প প্রস্তাবের সফট কপি Microsoft Office Word ফরমেটে সংশ্লিষ্ট ক্যাটাগরি অনুযায়ী নিম্নলিখিত ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে;

ই-মেইল ঠিকানা:

- ১। কলা ও মানবিক : arts_humanities.rsp@ugc.gov.bd
- ২। সামাজিক বিজ্ঞান : social_science.rsp@ugc.gov.bd
- ৩। ব্যবসায় শিক্ষা/প্রশাসন : business_studies/administration.rsp@ugc.gov.bd
- ৪। অর্থ ও হিসাব : finance & accounts.rsp@ugc.gov.bd
- ৫। আইন ও বিচার : law & justice.rsp@ugc.gov.bd
- ৬। ভৌতবিজ্ঞান : physical_science.rsp@ugc.gov.bd
- ৭। জীববিজ্ঞান : biological_science.rsp@ugc.gov.bd
- ৮। রাসায়নিক বিজ্ঞান : chemical_science.rsp@ugc.gov.bd
- ৯। কৃষি (জীবন বিজ্ঞান) : life_science.rsp@ugc.gov.bd
- ১০। কৃষি (ফসল বিজ্ঞান) : crop_science.rsp@ugc.gov.bd
- ১১। প্রকৌশল বিজ্ঞান (পুর, যন্ত্র ও তড়িৎ) : [eng.\(civil/mechanical/electrical\)_science.rsp@ugc.gov.bd](mailto:eng.(civil/mechanical/electrical)_science.rsp@ugc.gov.bd)
- ১২। প্রকৌশল বিজ্ঞান (অন্যান্য) : [eng.\(miscellaneous\)_science.rsp@ugc.gov.bd](mailto:eng.(miscellaneous)_science.rsp@ugc.gov.bd)
- ১৩। চিকিৎসাবিজ্ঞান : medical_science.rsp@ugc.gov.bd
- ১৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : ict.rsp@ugc.gov.bd
- ১৫। স্থাপত্য, নগর ও অঞ্চল পরিকল্পনা : aurp.rsp@ugc.gov.bd
- ১৬। দুর্যোগ/জলবায়ু/পরিবেশ : disaster/climate/environment.rsp@ugc.gov.bd

(ঞ) গবেষণা প্রকল্পের আবেদনপত্রের ফরম, শর্তাবলী, তথ্য ছক এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাবলি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এর “গবেষণা প্রকল্প/গবেষণা সহায়তা মঞ্জুরী” সেবা বক্সে পাওয়া যাবে।


০৩.০৮.২০২২

ড. এ কে এম শামসুল আরেফিন
পরিচালক (অ: দা:)
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন

ফোন- ০২৫৮১৬০২১৮